



বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট
Bangladesh Agricultural Research Institute
Joydebpur, Gazipur-1701

Fax No.: 0088-02-49270027
Office Ph: 0088-02-49270001
PABX: 02-49270041-8
Email: dir.res@bari.gov.bd
Web: www.bari.gov.bd

স্মারক নং-১৯/১৮/১৮১৮

কৃষিই সমৃদ্ধি

স্মারক নং- পরি(গঃ)বারি-৯৭/১৮/ ১১২৪৫

তারিখঃ ১/৪/২০১৮

মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ও প্রধান
মসলা গবেষণা কেন্দ্র
বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট
শিবগঞ্জ, বগুড়া।



বিষয় : অনিয়ন্ত্রিত ফসল 'বারি তেজপাতা-১' এবং 'বারি পান-৩' এর উচ্চফলনশীল জাত নিবন্ধনকরণ প্রসঙ্গে

সূত্রঃ ১। স্মারক নং- ১২.০০.০০০০.০৯৮.১৩.০০১.১৬.১০২৯, তারিখ: ৩১/১২/১৭ খ্রি.

২। স্মারক নং- ১২.০০.০০০০.০৯৮.১৩.০০১.১৬.১০২৯, তারিখ: ৩১/১২/১৭ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রদ্বয়ের পরিপ্রেক্ষিতে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট হতে উদ্ভাবিত অনিয়ন্ত্রিত ফসল তেজপাতার একটি উচ্চফলনশীল জাত 'বারি তেজপাতা-১' এবং পানের একটি উচ্চফলনশীল জাত 'বারি পান-৩' জাতীয় বীজ বোর্ড কর্তৃক নিবন্ধন করা হয়েছে। কৃষি মন্ত্রণালয়ের বীজ অনুবিভাগ থেকে প্রেরিত নিবন্ধন পত্র দুটি আপনার অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতৎসঙ্গে প্রেরণ করা হলো।

১/৪/১৮

(ড. মো. লুৎফর রহমান)
পরিচালক (গবেষণা)

অনুলিপি :

১. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিএআরআই, জয়দেবপুর, গাজীপুর।
২. অফিস নথি।

কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়, বীজ অনুবিভাগ
বাংলাদেশ সচিবালয়
www.moa.gov.bd

স্মারক নম্বর : ১২.০০.০০০০.০৯৮.১৩.০০১.১৬.৯০২৯

তারিখ: ১৭ পৌষ ১৪২৪
৩২ ডিসেম্বর ২০১৭

প্রাপক: মহাপরিচালক

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর-১৭০১।

বিষয়: অনিয়ন্ত্রিত ফসল পানের উচ্চফলনশীল জাত “বারি তেজপাতা-১ (BARI Tejpata-1)” নিবন্ধন।

বীজ ডিলার নিবন্ধন নম্বর: SPI/004/96

জনাব,

উপর্যুক্ত বিষয়ে, আপনার ০৭/১২/২০১৭ তারিখের আবেদনের পরিপ্রেক্ষিতে নিম্নোক্ত ফসলের জাতটি জাতীয় বীজ বোর্ড কর্তৃক নিবন্ধন করা হলো:

জাতটির নিবন্ধন নম্বর : ০৫(৩০)-০১/১৭

নিবন্ধনকৃত জাতের বিবরণ:

- ক) ফসলের নাম : তেজপাতা (Bay Leaf)
- খ) জাতের নাম : বারি তেজপাতা-১ (BARI Tejpata-1)
- গ) জাতটির উৎস : দেশীয় জাত হতে বাছাইকরণের মাধ্যমে উদ্ভাবিত
- ঘ) সনাক্তকরণ বৈশিষ্ট্য : জাতটি সারা বছর চাষ উপযোগী; চারা লাগানোর ১৬-১৮ মাসের মধ্যে তেজপাতা সংগ্রহ করা যায়; গাছের ০.৫ ঘনমিটারে গড়ে ১৫৮১.২৫-১৭০৬.০০টি পাতা এবং এক মিটার লম্বা ডালে ৯৭.০০-১০১.৮০ টি পাতা পাওয়া যায়; একটি পাতার গড় দৈর্ঘ্য ১৪.৮০-১৫.০৫ সে.মি. ও প্রস্থ ৩.৮৩-৩.৯৩ সে.মি.; পাতার পুরুত্ব গড়ে ০.৫৯-০.৬৯ মি.মি.; পাতার বোটার দৈর্ঘ্য গড়ে ১.০৫-১.৪৭ সে.মি. হয়; পাতায় শুল্ক পদার্থের পরিমাণ গড়ে ৫৯.২৮-৬২.০৫% হয়; জাতটি লিফ স্পট ও পাতা পোড়া রোগ প্রতিরোধী; ৭-৮ বছর বয়সে প্রতি গাছে প্রতি বছর গড়ে ৩৪.২৩ কেজি কাঁচা পাতা উৎপাদন হয়;

ঙ) চাষের জন্য সুপারিশকৃত অঞ্চল : সমগ্র বাংলাদেশে চাষাবাদের উপযোগী।

আবেদনকারীকে নিবন্ধনকৃত জাতটির গুণগতমান ও বৈশিষ্ট্যসমূহ সংরক্ষণের দায়-দায়িত্ব বহন করতে হবে। জাতটির নিবন্ধনপত্র কৃষক পর্যায়ে বিতরণকৃত বীজের গুণগতমানের নিশ্চয়তা প্রদান করে না। বীজ-বিধি ও বীজ-নীতি অনুযায়ী প্রয়োজনে জাতটির নিবন্ধন প্রত্যাহার করা হতে পারে।

আপনার বিশ্বস্ত



আশ্রাফ উদ্দিন আহমেদ
মহাপরিচালক, বীজ অনুবিভাগ
ও
সদস্য সচিব, জাতীয় বীজ বোর্ড।

কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়, বীজ অনুবিভাগ
বাংলাদেশ সচিবালয়
www.moa.gov.bd

স্মারক নম্বর : ১২.০০.০০০০.০৯৮.১৩.০০১.১৬.৯০১০

তারিখ: ১৭ পৌষ ১৪২৪
৩১ ডিসেম্বর ২০১৭

প্রাপক: মহাপরিচালক

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর-১৭০১।

বিষয়: অনিয়ন্ত্রিত ফসল পানের উচ্চফলনশীল জাত “বারি পান-৩ (BARI Paan-3)” নিবন্ধন।

বীজ ডিলার নিবন্ধন নম্বর: SPI/004/96

জনাব,

উপর্যুক্ত বিষয়ে, আপনার ০৭/১২/২০১৭ তারিখের আবেদনের পরিপ্রেক্ষিতে নিম্নোক্ত ফসলের জাতটি জাতীয় বীজ বোর্ড কর্তৃক নিবন্ধন করা হলো:

জাতটির নিবন্ধন নম্বর : ০৫(০১)-০৩/১৭

নিবন্ধনকৃত জাতের বিবরণ:

ক) ফসলের নাম : পান (Betel Leaf)

খ) জাতের নাম : বারি পান-৩ (BARI Paan-3)

গ) জাতটির উৎস : দেশীয় জাত হতে বাছাইকরণের মাধ্যমে উদ্ভাবিত

ঘ) সনাক্তকরণ বৈশিষ্ট্য : সারা বছর চাষ উপযোগী উচ্চফলনশীল জাত; লতা লাগানোর ৬-৮মাসের মধ্যে পান সংগ্রহ করা যায়; প্রতি লতা মাসে গড়ে ৩১.০০-৩৩.৬৩সে.মি. করে বৃদ্ধি পায়; এক মিটার দৈর্ঘ্যের লতায় গড়ে ১৯.২৭-২২.২৫টি পান পাওয়া যায়; একটি পাতার গড় আয়তন ১৯৯.৫৫-২১৪.৮৫ বর্গ সে.মি. ও একক পাতার ওজন ৫.৭১-৬.১৩গ্রাম; পাতার পুরুত্ব গড়ে ০.৭৫-০.৯০মি.মি. ও পাতার বোটার দৈর্ঘ্য গড়ে ৮.৯০-৯.৩৪ সে.মি. হয়; জাতটি হতে প্রতি বছর হেক্টর প্রতি ৪০.৯১ লক্ষ পাতা উৎপাদিত হয়; হেক্টর প্রতি গড় ফলন ২২.৪৩ মে.টন;

ঙ) চাষের জন্য সুপারিশকৃত অঞ্চল : সমগ্র বাংলাদেশে চাষাবাদের উপযোগী।

আবেদনকারীকে নিবন্ধনকৃত জাতটির গুণগতমান ও বৈশিষ্ট্যসমূহ সংরক্ষণের দায়-দায়িত্ব বহন করতে হবে। জাতটির নিবন্ধনপত্র কৃষক পর্যায়ে বিতরণকৃত বীজের গুণগতমানের নিশ্চয়তা প্রদান করে না। বীজ-বিধি ও বীজ-নীতি অনুযায়ী প্রয়োজনে জাতটির নিবন্ধন প্রত্যাহার করা হতে পারে।

আপনার বিশ্বস্ত



আশ্রাফ উদ্দিন আহমেদ

মহাপরিচালক, বীজ অনুবিভাগ

ও

সদস্য সচিব, জাতীয় বীজ বোর্ড।